

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
৮৩-৮৮ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

৬ অত্রহায়ণ, ১৪২১

স্মারক নং-৩০.০১৫.০০০.২২.০০.১০৩৭.২০১৪/২৮-৪৭

তারিখঃ-----

২০ নভেম্বর, ২০১৪

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ রমজান আলী, ইলেকট্রিশিয়ান, পূর্ত বিভাগ, বাপক, ঢাকা একই পদে পর্যটন মোটেল, বাপক, বেনাপোল-এ কর্মকালীন ঐ মোটেলের কার্যসহকারী সেলিনা বেগম, লক্ষ্মীহাভ-কে বিভিন্ন সময়ে অভিনব কৌশলে উত্যক্ত করার অভিযোগ উত্থাপিত হয়; এবং

যেহেতু, তিনি বেগম সেলিনার মোবাইল ফোনে ফ্লেক্সি লোডের মাধ্যমে টাকা প্রদান এবং নতুন মোবাইল সেট ক্রয় ও নতুন জামা কাপড় ক্রয় করে দেয়ার প্রলোভন দেখিয়েছেন, মোবাইল ফোনে সেলিনা বেগমের আপত্তিকর ভিডিও চিত্র ধারণ করেছেন এবং তা মোটোলে কর্মচারীদের মাঝে প্রচার করেছেন, তিনি সেলিনা বেগমের সাহায্যের কামিজ লুকিয়ে রেখে তার চরিত্র হননের চেষ্টা করেছেন-এতে ইউনিট তথা সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে; এবং


যেহেতু, তার এহেন কর্মকান্ড বাপক কর্মচারী চাকরি প্রবিধানমালা ১৯৯০এর সুস্পষ্ট লঙ্ঘন এবং অসদাচরণ ও প্রতারণার পর্যায়ভুক্ত অপরাধ;এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। এ প্রেক্ষিতে বাপক কর্মচারী চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধান ৩৫(খ) ও (চ) অসদাচরণ ও প্রতারণার দায়ে একই প্রবিধানমালার ৩৯(১) গুরুদণ্ডের প্রক্রিয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামার জবাবে তিনি ব্যক্তিগত শুনানী প্রদানের ইচ্ছা ব্যক্ত করায় তার শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তার লিখিত জবাব ও মৌখিক বক্তব্য সন্তোষজনক মর্মে বিবেচিত না হওয়ায় বাপক কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধান ৩৯(২) (গ) মোতাবেক জনাব মোঃ মজিবুর রহমান, উপ-ব্যবস্থাপক (পেনশন), বাপক, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, জনাব মোঃ রমজান আলী, ইলেকট্রিশিয়ান, পূর্ত বিভাগ, বাপক, ঢাকা-কে তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও প্রতারণার অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২০/১১/১৪
অপরূপ চৌধুরী
চেয়ারম্যান

৬ অত্রহায়ণ, ১৪২১

তারিখঃ-----

২০ নভেম্বর, ২০১৪


স্মারক নং-৩০.০১৫.০০০.২২.০০.১০৩৭.২০১৪/

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। পরিচালক, প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা/ বাণিজ্যিক, বাপক, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। মহা-ব্যবস্থাপক----- (সকল), বাপক, ঢাকা।
- ২। মহা-ব্যবস্থাপক (ডিএফও), বাপক, মহাখালী, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, মহাখালী, ঢাকা।
- ৪। বিভাগীয় প্রধান----- (সকল), বাপক, ঢাকা।
- ৫। ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), প্রধান কার্যালয়, বাপক, ঢাকা।
- ৬। ব্যবস্থাপক/ইউনিট ----- (সকল), বাপক।
- ৭। জনাব মোঃ রমজান আলী, ইলেকট্রিশিয়ান, পূর্ত বিভাগ, বাপক, ঢাকা।
- ৮। অফিস কপি।


২০/১১/১৪
(মোঃ আনোয়ারুল হক)
মহা-ব্যবস্থাপক (প্রশাসন)